

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০৮

আগরতলা, ১৭ নভেম্বর, ২০২৩

রাজ্যপালের সাথে সৌজন্য সাক্ষাতে টিটিএডিসি'র সিইএম



ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য (সিইএম) পূর্ণচন্দ্র জমাতিয়ার নেতৃত্বে জেলা পরিষদের এক প্রতিনিধি দল আজ রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লুর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। জেলা পরিষদের প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে ছিলেন কার্যনির্বাহী সদস্য অনন্ত দেববর্মা, কমল কলই, রবীন্দ্র দেববর্মা, সোহেল দেববর্মা, রুনিয়েল দেববর্মা প্রমুখ। সাক্ষাতকারের সময় প্রতিনিধি দলটি জেলা পরিষদের বিভিন্ন কর্মসূচির কথা রাজ্যপালের কাছে তুলে ধরেন। তাছাড়াও প্রতিনিধি দলটি জেলা পরিষদের বিভিন্ন সমস্যার কথাও রাজ্যপালকে জানান। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
